

প্যানেল আইনজীবী নিয়োগ বিজ্ঞপ্তি
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০।
www.bnmc.gov.bd

পত্র নং-বিএনএমসি/প্রশা-৬৯/২০২৪-২২৭

তারিখঃ ১৫ ডিসেম্বর ২০২৪


স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা (পক্ষে/বিপক্ষে) পরিচালনা (TOR অনুযায়ী) ও প্রতিদ্বন্দ্বিতা এবং সরকারি স্বার্থ রক্ষার্থে মহামান্য সুপ্রিম কোর্টের মাননীয় আপিল বিভাগ, হাইকোর্ট বিভাগ, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল ও প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল এর জন্য ০১ জন প্যানেল আইনজীবী মনোনয়নের লক্ষ্যে আগ্রহী আইনজীবীগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। প্রাতিষ্ঠানিক মামলা পরিচালনায় অভিজ্ঞতা সম্পন্ন আইনজীবীগণকে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলি

১	প্যানেল আইনজীবী কাউন্সিল সংশ্লিষ্ট বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলা (পক্ষে/বিপক্ষে) পরিচালনা (TOR অনুযায়ী) ও প্রতিদ্বন্দ্বিতা করবেন। কাউন্সিল কর্তৃক অনুমোদিত হারে ফি/সম্মানী সিডিউল মোতাবেক সম্মানী প্রাপ্য হবেন এবং সম্মানী হতে সকল কর্তন (ট্যাক্স/ভ্যাট) নিশ্চিত করা হবে। ফি/সম্মানী ও অন্যান্য শর্তাবলির কপি কাউন্সিলের ই-মেইলে সংগ্রহ করা যাবে।
২	কাউন্সিলের স্বার্থ আছে এমন মামলায় কাউন্সিলের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।
৩	নিয়োজিত মামলার অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসে নির্দিষ্ট ছকে নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল বরাবর দাখিল করতে হবে।
৪	মামলায় কাউন্সিলের বিপক্ষে রায় হলে জরুরী ভিত্তিতে পরবর্তী করণীয় বিষয়ে লিখিতভাবে রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল বরাবর অবহিত করতে হবে।
৫	কোনো প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে আবেদনে তা উল্লেখ করতে হবে।
৬	মাননীয় হাইকোর্ট বিভাগে আইনজীবী হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা ও সিনিয়র আইনজীবী হলে আপিল বিভাগে এনরোলমেন্ট থাকতে হবে। (প্রমাণক আবশ্যিক)
৭	আবেদনকারীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি তারিখে ৬৫ (পয়ষট্টি) বছরের অধিক হতে পারবে না।
৮	০৩ বছরের জন্য প্যানেল আইনজীবী নিয়োগ করা হবে।
৯	বিজ্ঞ আইনজীবী দায়িত্ব হতে অব্যাহতি গ্রহণ করতে চাইলে সেক্ষেত্রে ৩০ (ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
১০	প্যানেল আইনজীবীর পেশাগত কার্যক্রম সন্তোষজনক না হলে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে তার মনোনয়ন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১১	কোনো কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোনো আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

নিম্নবর্ণিত চাহিদা প্রতিপালনপূর্বক আবেদন করতে হবে।

১	আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি ইত্যাদিসহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত আবেদনে উল্লেখ করতে হবে।
২	আবেদনকারী আইনজীবীকে ঢাকায় বসবাসরত হতে হবে।
৩	আবেদনপত্রের সাথে সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
৪	আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসসি, এইচএসসি, স্নাতক এবং আইনের ডিগ্রিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা/সনদপত্রসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
৫	আগামী ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রি: তারিখ হতে ০১ জানুয়ারি ২০২৫ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল বরাবর লিখিত আবেদনপত্র পৌঁছাতে হবে। প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের সাক্ষাৎকারের সময় ও তারিখ ই-মেইল/ডাকযোগে জানানো হবে। সাক্ষাৎকারের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।


১৫.১২.২০২৪
হালিমা আক্তার
রেজিস্ট্রার

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
ই-মেইল-ফোন: +৮৮-০২-২২৬৬৩৫৭০৭
ইমেইলঃ info@bnmc.gov.bd